The Bangladesh Monitor - A Premier Travel Publication

# ব্যবসায়ী ভিসায় স্থলপথে আজ থেকে ভারত যেতে পারবেন বাংলাদেশিরা

- A Monitor Desk Report Date: 13 December, 2021

আজ সোমবার (১৩ ডিসেম্বর) থেকে ব্যবসায়ী ভিসায় স্থলপথে ভারতে যেতে পারবেন বাংলাদেশি পাসপোর্ট যাত্রীরা।

৩ দিনের সরকারি সফর শেষে বেনাপোল বন্দর দিয়ে রোববার (১২ ডিসেম্বর)বিকেলে দেশে ফিরে স্থানীয় সাংবাদিকদের এ কথা জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম।

এর আগে গত বুধবার (৮ ডিসেম্বর) সকালে চাঁপাইনবাবগঞ্জের সোনামসজিদ ইমিগ্রেশন দিয়ে ভারত প্রবেশ করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। সন্ধ্যায় যশোর থেকে ট্রেনে করে রাজশাহীর উদ্দেশ্যে রওনা দিয়েছেন তিনি।

এর আগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও বাংলাদেশ-ভারত মৈত্রীর ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিতে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম সড়কপথে ভারত গিয়েছিলেন।

এদিকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বেনাপোল আন্তর্জাতিক চেকপোস্ট ইমিগ্রেশনে আসলে তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান বেনাপোল পৌর মেয়র আশরাফুল আলম লিটন। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মীর আলিফ রেজা, বেনাপোল কাস্টমস কমিশনার আজিজুর রহমান, নাভারণ সার্কেলের সহকারী পুলিশ সুপার (এএসপি) জুয়েল ইমরানসহ বন্দরের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।